

PRESS RELEASE

“Training in Arbitration will enhance our capacity in dispute resolution and generate confidence among businessmen and investors”

Dhaka, 07 December, 2014:

“Training in Arbitration will enhance our capacity and generate confidence among businessmen and investors in ADR” said Law Minister Hon’ble Anisul Huq MP while addressing as Chief Guest at the Inaugural Ceremony of Training of Trainers in Arbitration organized by Bangladesh International Arbitration Centre (BIAC) at a local hotel today. With over 2.7 million cases pending in our courts, the foreign companies and investors feel discouraged to enter into commercial deals with Bangladesh, he observed. Government has already made substantive amendments in some of our major acts like Civil Procedure Code, Artha Rin Adalat Ain, Customs, VAT and Income Tax Act making mediation mandatory. He lauded the role of the Bangladesh International Arbitration Centre (BIAC) for promoting the cause of ADR in the country.

The five-day Training of Trainers from 7-11 December 2014 is organized by BIAC in collaboration with International Law Institute (ILI), Washington DC. The programme was supported by International Finance Corporation (IFC).

Mr. Mahbubur Rahman, Chairman, BIAC Council and President, ICC-B chaired the function. In his speech he advised the participants to avail full advantage of this high profile training which is being provided at a subsidized cost. He appealed to the business community to adopt BIAC Model Clause in their commercial contracts and urged upon government through Hon’ble Law Minister to consider using BIAC Arbitration Rules and BIAC Mediation Rules in governmental contracts wherever possible.

Dr. Toufiq Ali Chief Executive of BIAC said forty trainees are attending this ToT. Most of them are lawyers, either practising in the courts, or working with government departments, law firms, banks, or in Universities. Those who qualify at this session should be able to conduct training sessions on arbitration in future, he hoped.

Among others Rokia Afzal Rahman President MCCI, Masrur M. Reaz Programme Manager of IFC, David Branson- one of the trainers from International Law Institute (ILI), Washington DC and two former trainees of BIAC Abdul Mueyed Chowdhury and Shireen Scheik Mainuddin also spoke.

বিয়াক প্রেস রিলিজ

০৭ ডিসেম্বর ২০১৪

“আরবিট্রেশন বিষয়ে প্রশিক্ষণ বিরোধ নিষ্পত্তিতে আমাদের সক্ষমতা সৃষ্টি করবে এবং ব্যবসায়ী ও বিনিয়োগকারী গণের আস্থা বৃদ্ধিতে সহায়ক হবে।”

“আরবিট্রেশন বিষয়ে প্রশিক্ষণ বিরোধ নিষ্পত্তিতে আমাদের সক্ষমতা সৃষ্টি করবে এবং ব্যবসায়ী ও বিনিয়োগকারী গণের আস্থা বৃদ্ধিতে সহায়ক হবে” বলেছেন মাননীয় আইনমন্ত্রী আনিসুল হক এমপি। অদ্য তিনি স্থানীয় একটি হোটেলে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) আয়োজিত আরবিট্রেশন বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন। আমাদের আদালত সমূহে প্রায় ২৭ লক্ষ মামলা নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। কেবলমাত্র এ তথ্যটুকু ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের নিরুৎসাহিত করতে যথেষ্ট বলে তিনি মন্তব্য করেন। সরকার ইতিমধ্যে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ আইন সংশোধন করে এসব আইনে বিকল্প বিরোধ পদ্ধতি অন্তর্ভুক্ত করেছে। বাংলাদেশে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতির বাস্তবায়নে তিনি বিয়াক এর ভূমিকার প্রশংসা করেন।

পাঁচদিন ব্যাপী আরবিট্রেশন বিষয়ে এ প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স ০৭ থেকে ১১ ডিসেম্বর পর্যন্ত চলবে। বিয়াক যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি স্থিত ইন্টারন্যাশনাল ল ইনস্টিটিউট এর সাথে যৌথভাবে এ প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করছে। এ কর্মসূচী পরিচালনায় সহায়তা করছে বিশ্বব্যাপক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন (আইএফসি)।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাহবুবুর রহমান, চেয়ারম্যান বিয়াক। সভাপতির ভাষনে তিনি বলেন আইএফসি এর কল্যাণে অত্যন্ত স্বল্পব্যয়ে প্রশিক্ষনার্থীগণ বিশ্বমানের এ প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন। তাদের উচিত এ সুযোগের সম্পূর্ণ সদ্ব্যবহার করা। তিনি ব্যবসার স্বার্থে ও ব্যবসায়িক সম্পর্ক অক্ষুণ্ন রাখার জন্য সকল বানিজ্যিক চুক্তিতে বিয়াকের বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত ধারা অন্তর্ভুক্তির পরামর্শ প্রদান করেন। একই সাথে তিনি মাননীয় মন্ত্রীর মাধ্যমে সকল সরকারী সংস্থাকে তাদের সম্পাদিতব্য চুক্তির বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত ধারায় বিয়াক আরবিট্রেশন রুলস বা বিয়াক মেডিয়েশন রুলস অনুসরণের বিষয় উল্লেখ করতে অনুরোধ জানান।

স্বাগত ভাষনে বিয়াকের প্রধান নির্বাহী ড: তৌফিক আলী বলেন চল্লিশজন প্রশিক্ষনার্থী এ কোর্স এ অংশগ্রহণ করছেন। এ সকল প্রশিক্ষনার্থীদের অধিকাংশই আদালতে আইন পেশায় নিয়োজিত, বা সরকারী কোন সংস্থা, ব্যাংক বা বিশ্ববিদ্যালয়ে কর্মরত। এ প্রশিক্ষণ কর্মসূচী সাফল্যের সাথে শেষ করতে পারলে তাঁরা ভবিষ্যতে আরবিট্রেশন বিষয়ে প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালনে সক্ষম হবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মেট্রোপলিটান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি রোকিয়া আফজাল রহমান, আই এফ সির প্রোগ্রাম ম্যানেজার মাসরুর এম রিয়াজ, আই এল আই এর প্রশিক্ষক ডেভিড ব্রানসন। এছাড়া বিয়াক এর দুজন সাবেক প্রশিক্ষনার্থী আব্দুল মুয়ীদ চৌধুরী ও শিরীন শেখ মাইনুদ্দীন অনুষ্ঠানে বিকল্প বিরোধ নিষ্পত্তি বিষয়ে তাদের প্রশিক্ষণ ও প্রত্যাশার বিষয় তুলে ধরেন।